# 2 0 1 8

## BENGALI

## ( Major )

Paper : 6.1

*Full Marks* : 60

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

১। নির্দেশানুসারে উত্তর দাও : ১×৭=৭

(ক) "না, লোকে যাকে ____ বলে তিনি তা নন।"

( শূন্যস্থান পূর্ণ করো)

(খ) 'রাজা' নাটকে রানি সুদর্শনা রাজাভ্রমে পদ্মপাতায় করে কার কাছে ফুল পাঠিয়েছিলেন ?

*(i)* অবন্তীরাজ

*(ii)* কোশলরাজ

*(iii)* সুবর্ণ

*(iv)* কাঞ্চীরাজ

( সঠিক উত্তরটি বেছে লেখো )

(গ) 'রাজা' নাটকে রাজার ধ্বজায় কোন্ চিহ্ন আঁকা ছিল ?

(ঘ) কোন্ উৎসবে রাজা রানি সুদর্শনাকে সহস্র লোকের মধ্যে রাজাকে চিনে নিতে বলেছিলেন ?

(ঙ) "প্রভু বুদ্ধ লাগি আমি ভিক্ষা মাগি," কে বুদ্ধের জন্য ভিক্ষা করতে বেরিয়েছিলেন ?

(চ) 'ব্রাহ্মণ' কবিতায় ব্রহ্মবিদ্যা-শিক্ষা-অভিলাষী সত্যকামের বাসস্থান কোথায় ছিল ?

(ছ) "রাজার আদেশ আজি কে না জানে—
এমন করে কি মরণের পানে ছুটিয়া চলিতে আছে!"

'পূজারিণী' কবিতায় শ্রীমতীকে একথা কে বলেছিলেন ?

২। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৪=৮

(ক) "আমার কাছে তোমার কথা গানের মতো বোধ হচ্ছে—যেন অনাদিকালের গান, যেন জন্ম-জন্মান্তর শুনে এসেছি।" কে, কাকে একথা বলেছেন ?

(খ) "বাদলদিনে কত _____ গান, _____ দিনে কত কাফি।"
(শূন্যস্থান পূর্ণ করো)

(গ) "তোমাকে বিলক্ষণ চিনি—তুমি আবার সেনাপতি!" বক্তা কে ? কাকে উদ্দেশ্য করে তিনি একথা বলেছেন ?

(ঘ) 'অভিসার' কবিতায় যৌবনমদে মত্তা নগরীর নটীর নাম কী ? তাঁর অঙ্গে কোন্ রোগের চিহ্ন ফুটে উঠেছিল ?

৩। সংক্ষেপে উত্তর দাও (যে কোনো **তিনটি**) : ৫×৩=১৫

(ক) টীকা লেখো :

কাঞ্চীরাজ *অথবা* প্রাসাদশিখর





(খ) টীকা লেখো :

রাখাল *অথবা* উপগুপ্ত

(গ) "জল শুধু জল
দেখে দেখে চিত্ত তার হয়েছে বিকল।"

প্রাসঙ্গিক ঘটনার বিবরণ দাও।

(ঘ) "আমি কেবল খাঁচায়-পোরা বুনো জন্তুর মতো কেবল গর্জে বেড়াতুম এবং সবাইকে আঁচড়ে কামড়ে ছিঁড়ে ফেলতে ইচ্ছে করত।" কোন্ অবস্থায় সুরঙ্গমার এমন কথা মনে হয়েছিল ?

(ঙ) "চলে গেলেন! ওরে, ওরে কী কঠিন!" কী প্রসঙ্গে রানি সুদর্শনা এমন করে হাহাকার করেছেন তা অতি সংক্ষেপে লেখো।

৪। (ক) 'রাজা' নাটকের রাজা যেন 'সাধন-ধন-সুদুর্লভ' এক সত্তা; তাই তিনি 'সুন্দর' নন, 'মনোহর' নন, তিনি 'অনুপম'—রাজার চরিত্র আলোচনা প্রসঙ্গে বক্তব্যটির সার্থকতা বিচার করো। ১০

*অথবা*

(খ) "ঠাকুরদার দলের অবতারণা এ নাটকের সেই লিরিক-ভাগ এবং বোধ হয় সর্বোৎকৃষ্ট ভাগ।" 'রাজা' নাটক অবলম্বনে বক্তব্যটির যাথার্থ্য বিচার করো।

৫। (ক) ''যেখানে প্রেম নাই, বোবার সভা, সেখানে গান নাহি জাগে।''

'গানভঙ্গ' কবিতার পংক্তিটি অনুসরণে কবিতাটির অন্তর্নিহিত তাৎপর্য ব্যাখ্যা করো। ১০

*অথবা*

(খ) 'পূজারিণী' কবিতার কাহিনি বর্ণনা করে কবিতাটির নামকরণের সার্থকতা বিচার করো।

৬। (ক) 'রাজা' নাটকে 'অন্ধকার' এবং 'আগুন'—এ-দুয়ের উল্লেখ বিশেষ তাৎপর্যপূর্ণ। 'রাজা' নাটক অবলম্বনে আলোচনা করো। ১০

*অথবা*

(খ) 'শ্রেষ্ঠ ভিক্ষা' কবিতাটির মর্মার্থ বিশ্লেষণ করো।

★ ★ ★